

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৫
আগরতলা, ২২ মে, ২০২৪

উত্তর পূর্ব কদমতলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম

উত্তর ত্রিপুরা জেলার উত্তর পূর্ব কদমতলা ও পূর্ব কদমতলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে শিশুদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। এই কর্মসূচিতে পূর্ব কদমতলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ২৭ জন শিশু এবং উত্তর পূর্ব কদমতলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ২৬ জন শিশুর স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে। এই কর্মসূচিতে যেসমস্ত শিশুর মধ্যে শারীরিক সমস্যা দেখা গেছে তাদের উন্নত চিকিৎসার ব্যবস্থা করা হয়। তাছাড়াও এই কার্যক্রমে স্বাস্থ্যকর্মীগণ স্বাস্থ্য সচেতনতা নিয়ে আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
